

(প্রেস বিজ্ঞপ্তি)

০৪ এপ্রিল ২০২২

চট্টেশ্বরী মন্দির পরিদর্শনকালে মেয়র

## নগরীতে যেসব ঐতিহ্যবাহী স্থানসমূহ রয়েছে পর্যায়ক্রমে তা সংস্কার ও সংরক্ষণ করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টেশ্বরী মন্দির শুধু উপাসনালয় নয়, এটি চট্টগ্রাম নগরীর একটি ঐতিহ্যবাহী স্থান। নগরীতে যেসব ঐতিহ্যবাহী স্থানসমূহ রয়েছে তা পর্যায়ক্রমে সংস্কার ও এর ঐতিহ্যের ইতিহাস সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি চট্টেশ্বরী মন্দিরটি নতুনভাবে সংস্কার এবং মন্দিরের অভ্যন্তরে যে পুকুরটি রয়েছে তা সংস্কার, পুকুরের চারিদিকে ওয়াকওয়ে নির্মাণ, পূজা করার ও প্রসাদ বিতরণের স্থান সংস্কার এবং পূজারীদের স্নানের স্থান সংস্কারে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মন্দির কমিটির নেতৃবৃন্দকে আশ্বাস প্রদান করেন। আজ সোমবার সকালে চট্টেশ্বরী রোডস্থ ঐতিহ্যবাহী চট্টেশ্বরী মন্দির পরিদর্শন করতে গিয়ে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র ও কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন, মন্দিরের প্রধান সেবায়ত অরুণ চক্রবর্তী, সেবায়ত ডা. বিজয় চক্রবর্তী, শিবু চক্রবর্তী, বাবুল চক্রবর্তী, দেবু চক্রবর্তী, অর্পন চক্রবর্তী প্রমুখ।

মেয়র আরো বলেন, বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মধ্যে আনন্দঘণ ও শান্তিপূর্ণ পরিবেশ বিশ্বে সাম্প্রদায়িক সম্প্রীতির এক উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি বলেন, আমরা সকল ধর্ম-বর্ণের মানুষকে নিয়ে একটি আধুনিক ও উন্নত চট্টগ্রাম নগরী বিনির্মাণে বদ্ধপরিকর। মেয়র নগরীর উন্নয়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

## চসিককে পনেরশ কেজি খেজুর দিলেন আল মানহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর কাছে আল মানহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশন'র চেয়ারম্যান মো. হেলাল উদ্দিন জমির উদ্দিন, রোজাদারদের জন্য ১৫শ কেজি খেজুর হস্তান্তর করেন। এসময় মেয়র বলেন, মাছে রমজান মহান আল্লাহর কাছে আত্ম নিবেদনের মাস। এ মাসে বেশি বেশি এবাদতের মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জন করার জন্য নিজেকে উজাড় করে দিতে হবে। তিনি বলেন, অসহায় মানুষের পাশে দাঁড়ানো রমজানের শিক্ষা। দুস্থদের পাশে দাঁড়ানোর মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন সম্ভব। তিনি এই পবিত্র রমজান মাসে বিত্তবানদের সমাজের হতদরিদ্রদের সহায়তায় এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

এসময় প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইল, শৈবাল দাশ সুমন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, আল মানহিলের মো. শরিফ উদ্দিন জমির উদ্দিন, আশরাফ হোসেন প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩